



প্রকৌশলী মোঃ বেলায়েত হোসেন
চেয়ারম্যান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

২০ এপ্রিল, ২০২০।

প্রশংসাপত্র

প্রিয় সহকর্মী,

আমার আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করবেন। আশা করি আপনি ও আপনার আওতাধীন 'টিম পিডিবি' এর সকল সদস্য ভাল আছেন। করোনা ভাইরাসের তাল্বে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা যখন সংকটাপন্ন তখন বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মীরা মারাত্মক ঝুঁকি নিয়ে দেশের বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ ব্যবস্থা সম্পূর্ণ স্বাভাবিক রেখেছেন। আপনাদের এই সেবা বর্তমানে করোনা আতঙ্কে বিমর্ষ জনগণের জীবনযাত্রায় কিছুটা হলেও সস্তি নিশ্চিত করেছে। সামনে আরো কঠিন সময় এলেও আপনারা পূর্ণ উদ্যমে জনগণের বিদ্যুৎ সেবা নিশ্চিত করবেন এই আস্থা বিদ্যুৎ কর্মীদের উপর সকলের রয়েছে।

আমি জানি বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মীরা কোনো কিছু পাওয়ার আশায় কাজ করেননা। তাঁরা সেবার ব্রত নিয়েই কাজ করেন। এজন্য বোর্ডের প্রধান এবং একজন বিদ্যুৎ কর্মী হিসেবে আমি গর্বিত। বোর্ড আপনাদের এই অবদানকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করে। আপনারা যঁারা জীবনের ঝুঁকি নিয়ে বর্তমান বৈরী পরিস্থিতিতেও দেশের বিদ্যুৎ ব্যবস্থা সচল রেখেছেন বিদ্যুৎ উন্নয়ন বোর্ড তাঁদের যথাযথভাবে মূল্যায়ন করবে। যেসকল বিদ্যুৎ কর্মী ঝুঁকিপূর্ণ অবস্থায় দায়িত্ব পালন করে যাচ্ছেন তাঁদের করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর মন্ত্রণালয়/বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী যথোপযুক্ত প্রণোদনা প্রদানের ব্যবস্থা করা হবে। আশাকরি এ প্রণোদনা বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের উৎসাহ আরো বৃদ্ধি করবে।

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের এসকল নিঃস্বার্থ কর্মীদের আমার নিজের এবং বোর্ডের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। এ অভিনন্দন সংশ্লিষ্ট সকল বিদ্যুৎ কর্মীকে পৌঁছে দেবেন।

করোনা ভাইরাসের কারণে বর্তমানে সৃষ্ট বিপর্যয়কর পরিস্থিতি মোকাবেলা করে আমরা আগামীতে আরো এগিয়ে যাব। পরম করুণাময় আমাদের ধৈর্য্য এবং সাহস দিন। সৃষ্টিকর্তার অপার কৃপায় বাংলা নতুন বছর আমাদের সবার জীবনে সুখ, শান্তি এবং কল্যাণ বয়ে আনুক।

মোঃ বেলায়েত হোসেন
চেয়ারম্যান